


প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
রোড-১২/এ, বাড়ি নং- ৪৪, ধানমন্ডি-১২০৯, ঢাকা
ডকুমেন্টের ভিত্তিতে -এর জন্য কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্র।

কোটেশন নম্বরঃ ০১/২০১৯-২০ (এমএইএস শাখা)

তারিখঃ ১২/১২/২০১৯ খ্রিঃ

প্রতি,

-
১. প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।
 ২. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিষ্ঠেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনিদেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
 ৩. ‘কোটেশন দলিল’ ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।
 ৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।
 ৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
 ৬. সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে ২২/১২/২০১৯ খ্রি. তারিখ অফিস চলাকালীন বা এর পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে। কোটেশনের খামে “ডকুমেন্টের ভিত্তিতে”-এর জন্য কোটেশন এবং ২২/১২/২০১৯ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
 ৭. ফ্যাক্স বা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত এবং উপরোক্ত উল্লিখিত ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।
 ৮. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।
 ৯. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।
 ১০. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।
 ১১. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্বৃত্ত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।



১২. দর টাকায় উদ্ভৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরিবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।
১৩. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।
১৪. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিনি)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।
১৫. উদ্ভৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ভৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।
১৬. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ৩০ দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।
১৭. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৭ দিনের মধ্যে জারী করতে হবে।
১৮. এমএইএস কর্তৃক সরবরাহকৃত সুটিং স্ক্রিপ্ট অনুযায়ী ১৫ মিনিট এবং ০১ মিনিটের ভিডিও ডকুমেন্ট প্রস্তুত করতে হবে। shooting location বাংলাদেশের মধ্যে হতে হবে। কার্যাদেশ প্রাপ্তির ৩০ দিনের মধ্যে ডকুমেন্টের প্রস্তুতপূর্বক নিয়ন্ত্রণকারীর কার্যালয়ে জমা দিতে হবে এবং এমআইএস শাখা কর্তৃক নির্ধারিত তারিখে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সংশ্লিষ্ট কর্মকর্তার উপস্থিতিতে সরবরাহকারী/প্রস্তুতকারী কর্তৃক প্রদর্শন করতে হবে।
১৯. ডকুমেন্টের প্রদর্শন শেষে এর যে কোন অংশ পরিবর্তন/আংশিক পরিবর্তন/সংশোধন প্রয়োজন হলে সরবরাহকারী/প্রস্তুতকারী তার নিজ খরচে করতে বাধ্য থাকবেন। ডকুমেন্টের সন্তোষজনক বিবেচিত হলে সরবরাহকারী/প্রস্তুতকারী কর্তৃক বিল দাখিল সাপেক্ষে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হবে। কার্যাদেশ প্রদানকালে প্রয়োজন মোতাবেক সংখ্যা/পরিমাণ কম/বেশি হতে পারে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যক্তিরেকে যে কোন কোটেশন গ্রহণ /বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
২০. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহ্বানকারী কর্মকর্তার স্বাক্ষর


নামরীন আফরোজ
১২.১৭

ব্যবস্থাপনা পরিচালক(অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ধানমন্ডি, ঢাকা।
ফোন নম্বর- ০২-৮১৯২২০০
ই-মেইল- md@pmeat.gov.bd

বিতরণ:

১. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব শাখা)
২. প্রোগ্রামার,প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রান্স্ট (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৩. নোটিশ বোর্ড
৪. দাপ্তরিক নথি